



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।

ফোন : ০২৯৯৭৭১০৪৪০, ০২৯৯৭৭১০৪৪৩, E-mail : chairmanbisemym@gmail.com,

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

স্মারক নংঃ ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/২০৫

তারিখঃ ২২/০৪/২০২৬ খ্রি.

বিষয়ঃ এসএসসি পরীক্ষা ২০২৬-এর দুটি সিলেবাসের প্রশ্নপত্র সতর্কতার সাথে শিক্ষার্থীদের মাঝে বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্দেশনা মোতাবেক এসএসসি পরীক্ষা-২০২৬ এর দুটি পৃথক সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে।

ক. অনিয়মিত/মানোন্নয়ন পরীক্ষার্থীরা (২০২৩-২০২৪ সেশন ও তার পূর্বের) ২০২৫ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

খ. নিয়মিত পরীক্ষার্থীরা (২০২৪-২০২৫ সেশন) ২০২৬ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

এই দুই ধরনের পরীক্ষার্থীদের জন্য ভিন্ন ভিন্ন প্রশ্ন প্রণয়ন করা হয়েছে। পরীক্ষার সূত্রে পরিবেশ, স্বচ্ছতা ও শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে পরীক্ষার্থীদের মাঝে নির্ধারিত সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র বিতরণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রশ্নপত্র বিতরণের পূর্বে সংশ্লিষ্ট বিষয়ের সিলেবাস ও প্রশ্নপত্রের কোড যথাযথভাবে যাচাই করে অত্যন্ত সতর্কতার সাথে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে।

প্রশ্নপত্র বিতরণের সময় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিদর্শকগণকেও বিষয়টি সম্পর্কে অবহিত করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

উল্লেখ্য, প্রশ্নপত্র বিতরণে কোনো ধরনের ত্রুটি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কেন্দ্রসচিব ও কর্মপ্রত্যবেক্ষক দায়ী থাকবেন এবং পরীক্ষার সকল কার্যক্রম থেকে অব্যাহতি প্রদানসহ তাদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, বিষয়টি সর্বোচ্চ গুরুত্বসহকারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

কেন্দ্রসচিব

অত্র বোর্ডের আওতাধীন

সকল মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা কেন্দ্র/২০২৬

(প্রফেসর সৈয়দ আব্দুলজামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ

ফোন : ০২৯৯৭৭১০৪৪২

Email : conbisemym@gmail.com

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৫. জেলা শিক্ষা কর্মকর্তা, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা/থানা
৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
৮. অফিস কপি।

(মোহাম্মদ সিরাজুল ইসলাম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ময়মনসিংহ।

মোবাইল: ০১৭১৮১৫৭৭৮৪